

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭১৫(আগরতলা ২৯।০।)
আগরতলা, ২৯ জানুয়ারি, ২০২৪

প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনা

পুরাতন আগরতলা রাজ্যের ২৯। জনের আবেদনপত্র গৃহীত

প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনায় প্রশিক্ষণের জন্য পুরাতন আগরতলা রাজ্যের ২৯। জনের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। এরমধ্যে রাজ্যের দলুরা গ্রাম পঞ্চায়েতের ১৯ জন, পূর্ব নোয়াগাঁও পঞ্চায়েতের ২৬ জন, মধ্য চান্দপামুড়ার ১৪ জন, পশ্চিম চান্দপামুড়ার ১৮ জন, দেবরাম ঠাকুর পাড়া পঞ্চায়েতের ৩ জন, পশ্চিম নোয়াগাঁওয়ের ১৬ জন, পূর্ব চান্দপামুড়ার ২১ জন, পশ্চিম নোয়াবাদির ২২ জন, বৃন্দনগর পঞ্চায়েতের ৩৪ জন, মেঘলিপাড়ার ১৬ জন, দুর্গা চৌধুরীপাড়ার ৫। জন, তুলাকোনা পঞ্চায়েতের ২২ জন, উত্তর চান্দপামুড়ার ২৮ জন এবং পশ্চিম রাধামোহনপুর এডিসি ভিলেজের ১ জন এই প্রকল্পে প্রশিক্ষণ গ্রহণের জন্য আবেদন করেছেন।

এখানে উল্লেখ্য, যে, পিএম বিশ্বকর্মা প্রকল্পে ১৮টি পেশাগত হাতের কাজের কারিগরদের বিভিন্ন সুবিধা দেওয়া হচ্ছে। সুবিধাগুলির মধ্যে রয়েছে কাজের দক্ষতা বৃদ্ধির জন্য ৫ দিনের প্রশিক্ষণ। প্রশিক্ষণের প্রতিদিন ৫০০ টাকা করে আর্থিক সহায়তা, প্রশিক্ষণ শেষে ১৫ হাজার টাকা করে বিভিন্ন কাজের যন্ত্র সামগ্রী ক্রয়ের জন্য আর্থিক সহায়তা, পিএম বিশ্বকর্মা সার্টিফিকেট ও আইডি কার্ড, উৎপাদিত সামগ্রী বাজারজাতকরণের জন্য সহায়তা, ৫ শতাংশ সুদে ১৮ মাসের জন্য ১ লক্ষ টাকা এবং ৩০ মাসের জন্য ২ লক্ষ টাকা খণ্ড প্রদান করা হবে। পুরাতন আগরতলা রাজ্য থেকে এ সংবাদ জানানো হয়েছে।
